



# রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক

প্রধান কার্যালয়, রাজশাহী।

ঋণ ও অগ্রিম বিভাগ-১

ঋণ ও অগ্রিম-১ সার্কুলার লেটার- ০৪/২০০৮

তারিখ : ২৫-০৯-২০০৮ ইং

মহাব্যবস্থাপক রাজশাহী/রংপুর  
সকল জোনাল ব্যবস্থাপক  
উপ-মহাব্যবস্থাপক  
ঢাকা শাখা/এল.পি.ও  
সকল শাখা ব্যবস্থাপক  
রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক

## বিষয় : ট্রাস্টের ঋণের নীতিমালা সংশোধন প্রসঙ্গে।

প্রিয় মহোদয়,

শিরোনামে বর্ণিত বিষয়ে ঋণ ও অগ্রিম বিভাগ-১ এর সার্কুলার লেটার নং- ০৯/২০০০ তারিখ ২৫.০৪.২০০০ এর প্রতি দৃষ্টি আকর্ষণ করা হলো।

০২। কৃষি সেক্টরে ফসল উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে চাষাবাদের জন্য সনাতনী পদ্ধতির পরিবর্তে বৈজ্ঞানিক পদ্ধতিতে চাষাবাদের প্রচলন উত্তরোত্তর বৃদ্ধি পাচ্ছে। এই ধারাবাহিকতায় জমি চাষের জন্য ট্রাস্টের চাহিদা ও ব্যবহার বৃদ্ধি পেয়েছে সমহারে। নগদ টাকায় ট্রাস্টের ক্রয় করা অনেক কৃষকের পক্ষে সম্ভব হয়না। কৃষকের চাহিদার দিকটি লক্ষ্য রেখে রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক ঋণের মাধ্যমে ট্রাস্টের ক্রয়ের জন্য সার্কুলার লেটার নং-০৯/২০০০ তারিখ ২৫.০৪.২০০০ (ঋণ ও অগ্রিম বিভাগ-১) জারী করে। সার্কুলার লেটারের নির্দেশাবলী পরিপালন করে ঋণের মাধ্যমে ট্রাস্টের সরবরাহ চলমান আছে।

০৩। বিদ্যমান নিয়মানুযায়ী ট্রাস্টের ক্রয়ের ক্ষেত্রে ট্রাস্টের মূল্যের সর্বনিম্ন ২০% ডাউন পেমেন্ট নগদে জমা দিতে হয় এবং অবশিষ্ট সর্বোচ্চ ৮০% ঋণ হিসেবে মঞ্জুরী দেয়া হয়। এই ৮০% মঞ্জুরীতব্য ঋণের সমপরিমাণ মূল্যের সহায়ক জামানত (মেয়াদী আমানত / আর্থিক সিকিউরিটি / বন্ড / দালান কোঠা / জমি / অন্যান্য স্থাবর সম্পত্তি) গ্রহণ করতে হয়। এ ক্ষেত্রে সরবরাহকৃত ট্রাস্টের মূল্য ছাড়াই অতিরিক্ত জামানত হিসাবে গৃহীত হয়ে থাকে।

০৪। বর্তমানে ট্রাস্টের মূল্য অনেক বৃদ্ধি পাওয়ায় ২০% ডাউন পেমেন্ট নগদ জমা দেয়া এবং সহায়ক জামানত প্রদান অনেক কৃষকের পক্ষে সম্ভব হয়না। উপযুক্ত পরিমাণ সহায়ক জামানত দিতে না পারায় চাহিদা থাকা সত্ত্বেও ট্রাস্টের ক্রয়ের জন্য কৃষকদেরকে ঋণ মঞ্জুরে প্রায় প্রত্যেক ক্ষেত্রেই জটিলতার সৃষ্টি হচ্ছে। ফলে এ খাতে লক্ষ্যমাত্রা অনুসারে ঋণ প্রদান করা যাচ্ছে না।

০৫। আধুনিক পদ্ধতিতে চাষাবাদে ট্রাস্টের ব্যবহারে অধিকতর সুযোগদান ও ক্রমবর্ধমান ট্রাস্টের চাহিদা পূরণের লক্ষ্যে গত ৩১.০৮.২০০৮ তারিখে অনুষ্ঠিত পরিচালক পর্ষদের ৩২২তম সভার অনুমোদনক্রমে ট্রাস্টের ঋণ প্রদানের শর্ত/ নীতিমালা নিম্নোক্তভাবে কার্যকর হবে।

(ক) ডাউন পেমেন্ট :

ডাউন পেমেন্টের পরিমাণ ট্রাস্টের মূল্যের ২০% এর স্থলে সর্বনিম্ন ১০% পর্যন্ত গ্রহণ করা যাবে।

(খ) সহায়ক জামানত :

ডাউন পেমেন্ট ব্যতীত বাদবাকী ঋণাংকের জন্য সহায়ক জামানত গ্রহণ করতে হবে। সহায়ক জামানতের ক্ষেত্রে ঋণাংকের ৫০% ট্রাস্টের মূল্য ও অবশিষ্ট ৫০% এর জন্য স্থায়ী সম্পত্তি জামানত হিসেবে গ্রহণ করতে হবে।

০৬। অত্র বিভাগের সার্কুলার লেটার নং- ০৯/২০০০ তারিখ ২৫-০৪-২০০০তে বর্ণিত অপরাপর নির্দেশাবলী অপরিবর্তিত থাকবে।

০৭। উপরোক্ত বিষয়ে কোন ব্যাখ্যার প্রয়োজন হলে সরাসরি অত্র বিভাগের সাথে যোগাযোগ করা যেতে পারে।

(মোঃ হাবিবুর রহমান)  
উপ-মহাব্যবস্থাপক

(মোঃ আবু হানিফ খান)  
মহাব্যবস্থাপক

চলমান পাতা-২

সূত্র নং : প্রকা/ঋওঅ-১/২৫৮ ট্রাক্টর/২০০৮-২০০৯/

তারিখ : ৫

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরিত হল :

- ০১। স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী।
- ০২। স্টাফ অফিসার, উপ-ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী।
- ০৩। স্টাফ অফিসার, মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী।
- ০৪। সকল উপ-মহাব্যবস্থাপক/ সচিব / বিভাগীয় প্রধান, রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী।
- ০৫। বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, রাকাব, বিভাগীয় নিরীক্ষা কার্যালয়, রংপুর।
- ০৬। অধ্যক্ষ, রাকাব, প্রশিক্ষণ ইনস্টিটিউট, রাজশাহী।
- ০৭। সকল জোনাল নিরীক্ষা কর্মকর্তা, রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক।
- ০৮। অফিস নথি / মহানথি

(মোঃ শামছুল আলম)  
সহকারী মহাব্যবস্থাপক